

# এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

প্রাক-নির্বাচনি পরীক্ষা/২০২০

শ্রেণিঃ দ্বাদশ

বিষয়ঃ অর্থনীতি

সময়ঃ ১ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমাণঃ ৫০

## জ্ঞানমূলক প্রশ্ন

- |                            |                             |                           |
|----------------------------|-----------------------------|---------------------------|
| ১। BRAC এর পূর্ণরূপ লেখ    | ৫। অনুপার্জিত আয় কাকে বলে? | ৯। মুদ্রাসংকোচন কাকে বলে। |
| ২। NGO কী?                 | ৬। শেয়ার কী?               | ১০। ব্যাংক হার কাকে বলে?  |
| ৩। নিম্ন খাজনা কী?         | ৭। IPO এর পূর্ণরূপ লেখ।     |                           |
| ৪। মোট খাজনার সূত্রটি লেখ। | ৮। মুদ্রাস্ফীতি কাকে বলে?   |                           |

## সৃজনশীল প্রশ্ন

১। বাংলাদেশে ১৯৯৮ সালে ভোক্তার মূল্যসূচক ছিল ১১৫ এবং ১৯৯৯ সালে তা বেড়ে ১৫০ হয়। দেশটির সরকার এ সমস্যা মোকাবেলা অর্থের যোগান হ্রাস, প্রত্যক্ষ করের হার বৃদ্ধি, ব্যাংক হার বৃদ্ধি এবং উৎপাদন বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করে।

ক. সূচক সংখ্যা কী?

খ. মুদ্রাস্ফীতি উৎপাদনকারীর জন্য সুফল বয়ে আনে- ব্যাখ্যা কর।

গ. বাংলাদেশের ১৯৯৯ সালের মুদ্রাস্ফীতির হার বের কর।

ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকারের গৃহীত পদক্ষেপগুলো বিশ্লেষণ কর।

২। বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ ইতোমধ্যেই দেশ সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করেছে। দেশে বৃহৎ শিল্প কারখানা, পাওয়ার প্লান্ট, পদ্মা সেতুসহ বড় বড় অবকাঠামো নির্মাণ হচ্ছে। এসব কার্য সম্পাদনে সরকারের রাজস্ব তহবিল থেকে অর্থায়ন পুরোপুরি সম্ভব নয়। তাই অর্থায়নের জন্য প্রায়ই বিদেশী সাহায্যের উপর নির্ভর করতে হয়। এসব বৈদেশিক সাহায্য নির্ভর অর্থায়ন হ্রাস করতে বর্তমান সরকার দৃঢ় প্রতিজ্ঞা।

ক. অর্থায়ন বলতে কী বোঝ?

খ. বন্ড বিনিয়োগে ঝুঁকি নেই কেন?

গ. উদ্দীপকে অর্থায়নের কোন উৎসের কথ বলা হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত অবকাঠামোগুলোর উন্নয়নে সাহায্যের পরিবর্তে সরকার কোন কোন উৎস হতে অর্থায়নের ব্যবস্থা করতে পারে আলোচনা কর।

৩. রাজু একটি বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা শেষে গ্রামে ফিরে নিজে চেম্বায় একটি উৎপাদন প্রতিষ্ঠান গড়ে তোলেন। এর পরিচালনা ও নিয়ন্ত্রণের ভার তার নিজ হাতেই। ব্যবসায়িক দায় দায়িত্ব নিজেই বহন করে। অন্যদিকে সিয়ামের প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা ১০জন। তারা যৌথভাবে মূলধনের যোগান দেয় এবং পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে প্রতিষ্ঠান পরিচালনা করে। তবে যেকোন একজন সদস্যের মৃত্যুতে প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।


ক. স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কাকে বলে?

খ. উদ্যোক্তাই সংগঠনের অন্যতম চালিকা শক্তি-ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লিখিত সিয়ামের প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর।

ঘ. সদস্য সংখ্যা মূলধন সংগ্রহ এবং সিদ্ধান্ত গ্রহণের ভিত্তিতে রাজু ও সিয়ামের সংগঠনের মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর।

৪। চিত্রটি লক্ষ্য কর:



ক. অনুপার্জিত আয় কাকে বলে?

খ. খাজনা কেন দেওয়া হয়? ব্যাখ্যা কর।

গ. উপরের রেখাচিত্রে খাজনা নির্ধারণের কোন তত্ত্বটি তুলে ধরা হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. চিত্রে খাজনার পরিমাণ কত এবং কীভাবে খাজনা নির্ধারিত হয়েছে? বিশ্লেষণ কর।